

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৮১২

আগরতলা, ২২ জুন, ২০২২

**দত্ত পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস**

কমলপুর বিএসএম মহকুমা হাসপাতালের আওতাধীন মানিক ভান্ডার হেলথ এন্ড ওয়েলন্যাস সেন্টারের অন্তর্গত দত্ত পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গত ১৬ জুন গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে স্বাস্থ্যকর্মীরা শিশুদের নিয়মিত টিকাকরণের উপকারিতা, শিশুর জন্মের পর মায়ের বুকের দুধ পান করানোর গুরুত্ব, গর্ভবতী মায়ের কমপক্ষে চারটি এএনসি চেক আপ করানো, মায়ের আয়রন ফলিক অ্যাসিড টেবলেট খাওয়ানো, ডায়ারিয়া, ডেঙ্গু, ম্যালেরিয়া প্রতিরোধের উপায় নিয়ে পরামর্শ প্রদান করেন। উক্ত কর্মসূচিতে স্বাস্থ্যকেন্দ্রের কমিউনিটি হেলথ অফিসার বার্ণা দেববর্মা, এএনএম শর্মিষ্ঠা দেবনাথ, অঙ্গনওয়াড়িকর্মী অনিমা পাল ও আশাকর্মী রীতা পাল উপস্থিত ছিলেন। উক্ত কর্মসূচিতে এদিন মোট ৩৪জন মা ও শিশু অংশগ্রহণ করেন। তাঁদের সবাইকে পুষ্টিকর খাবার প্রদান করা হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*